# ২০২০
# বাংলা
## (অনার্স)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNGH-SEC-T-2
## (প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতিপদ্ধতি)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের যে কোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

খ) বিজ্ঞাপন বলতে কী বোঝ?

গ) রিসার্চ - কথাটির বাংলা পরিভাষা লেখো।

ঘ) বিজ্ঞাপন কত প্রকার ও কী কী?

ঙ) গবেষণার কাজে উপাদান সংগ্রহের উৎসগুলি কী কী?

চ) মানবিক আবেদনমূলক প্রতিবেদন সম্পর্কে আলোচনা করো।

*(পরের পাতায়)*

ছ) পাদটীকা পদ্ধতি কাকে বলে?

জ) 'বিজ্ঞাপনদাতা' ও 'বিজ্ঞাপনগ্রহীতা' বলতে কী বোঝায়?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে রচনা কৌশলে কোন্ কোন্ বিষয়গুলিকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয় বলে তুমি মনে কর - সংক্ষেপে আলোচনা করো।

খ) বিজ্ঞাপনের সামাজিক গুরুত্ব বুঝিয়ে দাও।

গ) গবেষণাপত্রে গদ্যাংশ থেকে উদ্ধৃতি ব্যবহারের নিয়মগুলি আলোচনা করো।

ঘ) বিজ্ঞাপন রচনার সময় কোন্ কোন্ বিষয়গুলির ওপর বেশি গুরুত্ব দেওয়া দরকার বলে তুমি মনে কর - সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) সাম্প্রতিক আম্ফান ঝড়ে ক্ষতিগ্রস্ত জনজীবন সম্পর্কে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা করো।

খ) একটি কম্পিউটার শিক্ষাকেন্দ্রের প্রচারের উদ্দেশ্যে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন রচনা করো।

গ) গবেষণার ক্ষেত্রে পাণ্ডুলিপি প্রস্তুতির বিভিন্ন বিভাগ সম্পর্কে বুঝিয়ে দাও।

ঘ) কোভিড-১৯ (ভাইরাস-জনিত সংক্রমণ) থেকে রক্ষা পেতে যে সাবধানতার অবলম্বন দরকার - সে বিষয়ে একটি বিজ্ঞাপন রচনা করো।

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali Hons
## Paper – Sec T-2
## Total Marks - 10

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ১ x ১ = ১

ক) 'মূল্যহীন খবর' বলতে কী বোঝো ?

খ) সাধারণ পত্র ও প্রাতিষ্ঠানিক পত্রের মধ্যে পার্থক্য লিখ।

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ২ x ২ = ৪

ক) 'Research' (রিসার্চ) কথাটির উৎস কি ?

খ) ভারতবর্ষে কখন কপিরাইট আইন চালু হয় ? আইনটির নাম কি ?

গ) প্রশাসনিক বিজ্ঞাপন বলতে কী বোঝো ?

ঘ) গবেষণায় 'উৎস' বলতে কি বোঝো ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ৫ x ১ = ৫

ক) করোনা মহামারী সংক্রান্ত একটি সচেতনতামূলক সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা করো।

খ) গবেষণার প্রকারভেদ সম্পর্কে বিশদ আলোচনা করো।

------------------

# ২০২০
# বাংলা
## (জেনেরিক ইলেকটিভ)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNGH-GE-T-4
## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)
## গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'ফোর্ট উইলিয়ম কলেজ' কত সালে প্রতিষ্ঠিত হয়? এখানকার দু'জন লেখকের নাম উল্লেখ করো।

খ) রচয়িতার নাম লেখো :
রাজা প্রতাপাদিত্য চরিত্র, কথোপকথন, তোতা ইতিহাস, বত্রিশ সিংহাসন।

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দুটি মৌলিক গ্রন্থের নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

ঘ) রবীন্দ্রনাথের লেখা দুটি সাহিত্য বিষয়ক প্রবন্ধের নাম উল্লেখ করো।

ঙ) নাট্যকারগণের নাম লেখো :
কারাগার, কৃষ্ণকুমারী, প্রফুল্ল, মেবারপতন।

চ) "কতরূপে স্নেহ করি দেশের কুকুর ধরি
বিদেশের ঠাকুর ফেলিয়া। সবটাই রঙ্গ।" — কার লেখা কবিতার অংশ? তিনি বাংলা সাহিত্যে কী নামে পরিচিত?

ছ) 'ছন্দের যাদুকর' নামে কে পরিচিত? তাঁর লেখা একটি কাব্যের নাম লেখো।

জ) প্রথম বাংলা সাপ্তাহিক পত্রিকার নাম কী? কত সালে, কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

ঝ) 'দুঃখবাদী' কবি কাকে বলা হয়? তাঁর লেখা একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

ঞ) নিম্নলিখিত উপন্যাসগুলির রচয়িতার নাম লেখো :
আনন্দমঠ, গোরা, দেনাপাওনা, আদর্শ হিন্দু হোটেল।

ট) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক সাংকেতিক নাটকের নাম লেখো।

ঠ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার সময়কাল উল্লেখ করে এই ভাষার দুটি নিদর্শন লেখো।

ড) মালদহ ও দিনাজপুর জেলায় বাংলা উপভাষার কোন্ রূপ প্রচলিত আছে? এই ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

ঢ) গামোছা > গামছা — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে?

ণ) একবচন ও বহুবচনের একটি করে উদাহরণ দাও।

২। 'ক' বিভাগ থেকে **তিনটি** এবং 'খ' বিভাগ থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

বিভাগ - ক

ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে বুঝিয়ে দাও।

খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো।

গ) 'তিন বন্দ্যোপাধ্যায়' নামে কারা পরিচিত? তাঁদের যে কোনো একজনের উপন্যাস সম্পর্কে সংক্ষেপে বুঝিয়ে দাও।

ঘ) টীকা লেখো (যে কোনো **দুটি**) :

প্রমথ চৌধুরী, মেঘনাদবধকাব্য, তত্ত্ববোধিনী, বিহারীলাল চক্রবর্তী

বিভাগ-খ

ক) সাম্প্রতিক বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) টীকা লেখো (যে কোনো **দুটি**) :

অর্থবিস্তার, সমীভবন, আগন্তুক শব্দ, অপিনিহিতি



(পরের পাতায়)

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর অবদান উল্লেখ করো।

খ) বাংলা মহাকাব্যের ধারায় মাইকেল মধুসূদন দত্তের ভূমিকা বুঝিয়ে দাও।

গ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

ঘ) বাঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali Generic
## Paper – GE T - 4
## Total Marks - 15

**১) যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ১০ x ১ = ১০

ক) "বাংলার গ্যারিক" কাকে কেন বলা হয়? তিনি কোন্ ধরনের নাটকের জন্য বিখ্যাত ? এই পর্বের নাটক সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) বাংলা শব্দভাণ্ডারের রেখাচিত্র সহ আলোচনা করো।

**২) যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ২ x ২ = ৪

ক) রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস কোনটি ? এটি কবে কোন্ পত্রিকায় প্রকাশ হয়েছিল ?

খ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম কোন্ পত্রিকার সম্পাদক মাসোহারা পান ? কারা সেই টাকা দিতেন ?

গ) সুভাষণরীতি কাকে বলে ?

**৩) যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ১ x ১ = ১

ক) নজরুল ইসলামের কোন্ কবিতার জন্য কারাবাস হয়েছিল ?

খ) বাংলায় শব্দবিভক্তির সংখ্যা কটি ও কি কি ?

---------------

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

দশম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-10

(বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'জীবনদেবতা' কবিতাটির প্রকাশকাল কত? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

খ) 'সাম্যের গান গাই' - কার লেখা কোন্ কবিতার পংক্তি?

গ) 'তুমি আসবে ব'লে হে স্বাধীনতা' — কোন্ কবিতার অংশ? কে লিখেছেন?

ঘ) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত' — কোন্ কবিতার পংক্তি? এখানে কে ভারতকে কোন্ স্বর্গে জাগরিত করার জন্য বলেছেন?

(পরের পাতায়)

ঙ) 'সাম্যবাদী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থে প্রথম প্রকাশিত হয়?

চ) 'বুড়ী চাঁদ গেছে বুঝি বেনোজলে ভেসে' কোন্ কবিতায় কে এই কথা বলেছিলো?

ছ) 'ভারততীর্থ' কবিতাটির রচনাকাল কত? কবিতাটি প্রথম কোন্ পত্রিকায়, কী নামে প্রকাশিত হয়?

জ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতাটি কাজী নজরুল ইসলাম কত সালে, কোন্ স্থানে রচনা করেন?

ঝ) 'সংসারে সন্ন্যাসী লোকটা'-র অসুখ কী? লোকটা কি পাগল?

ঞ) 'শুভক্ষণ' কবিতাটিতে কটি অংশ? কবিতাটির রচনাস্থান উল্লেখ করো।

ট) 'ত্রস্তা ধরণী নজ্‌রানা দেয় ডালি ভ'রে ফুলে ফলে' — এখানে কাদের নজ্‌রানা দেবার কথা বলা হয়েছে?

ঠ) 'জেগে উঠবে তুমুল উৎসবের রাত' — কার লেখা কোন্ কবিতার অংশ? উৎসবের রাত কেমনভাবে জেগে উঠবে?

ড) 'গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী' কার লেখা, কোন্ কবিতার অংশ? এখানে কবি কোন্ জিনিস সর্বত্রগামী না হওয়ার জন্য আক্ষেপ করেছেন?

ঢ) ক্ষুধাতুর শিশু কী চায়?

ণ) 'ফিরে এসো, ফিরে এসো, চাকা' - কবি চাকাকে কী হয়ে ফিরে আসতে বলেছেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ‘ভারততীর্থ’ কবিতাটি অনুসরণে ভারতে মহামানবের মিলনের যে ছবি কবি এঁকেছেন তার বিবরণ দাও।

খ) ‘জীবনবন্দনা’ কবিতাটিতে কাদের বন্দনা করেছেন কবি? আলোচনা করো।

গ) সংসারে সন্ন্যাসী লোকটা ঠিক কেমন বলে তোমার মনে হয়? কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।

ঘ) ‘দুঃখের কবি’ কবিতায় দুঃখবাদ সম্পর্কিত কবির মতামত বর্ণনা করো।

ঙ) ‘কবি ও অকবি যাহা বল মোরে মুখ বুঁজে সই সবি’! — কবিকে সবাই কী কী ভাবে সমালোচনা করেছেন তা নিজের ভাষায় লেখো।

চ) ‘প্রার্থনা’ কবিতাটিতে কবির প্রার্থনার পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘ঐকতান’ কবিতাটিতে কবির আত্মসমীক্ষার যে সুরটি ধ্বনিত হয়েছে তা বিশদ করো।

খ) ‘সাম্যবাদী’ ও ‘নারী’ কবিতা অবলম্বনে নজরুলের সাম্য-ধারণার পরিচয় দাও।

গ) ‘আট বছর আগের একদিন’ কবিতাটি বিশ্লেষণ করে মৃত্যু সম্পর্কে কবির ধারণার স্বরূপ নির্ণয় করো।

ঘ) ‘জীবনদেবতা’ কবিতায় জীবনদেবতা বলতে কবি কাকে বোঝাতে চেয়েছেন? এ প্রসঙ্গে জীবনদেবতা তত্ত্বটি আলোচনা করো।

---

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali Hons
## Paper – CC 10
## Total Marks - 15

**প্রতিটি দাগ নম্বর থেকে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :-**

১) রবীন্দ্রনাথের ব্যক্তিজীবন ও কাব্যজীবনের বিকাশে জীবনদেবতার ভূমিকা সম্পর্কে আলোচনা কর। ১০

**অথবা**

রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতায় জীবনানন্দ দাশের অবদান সম্পর্কে লেখ। ১০

২) "প্রতি শনিবার চিঠিতে প্রেয়সী গালি দেন হাঁড়িচাচা" - প্রেয়সী কে ? তাকে এরূপ বলার কারণ কী ? ২

**অথবা**

"অদ্ভুত রূপে পুরুষ করিল সে ঋণ শোধ।" - তাৎপর্য লেখ। ২

৩) "নৈবেদ্য" কাব্যগ্রন্থে কবি কতধরনের নিবেদনের কথা বলেছেন ? ২

**অথবা**

"আমার নাম ভারতবর্ষ" কবিতায় কবি কোন ভারতবর্ষের কথা বলেছেন ? ২

৪) "ভারততীর্থ" কবিতাটির রচনাকাল উল্লেখ কর। ১

**অথবা**

"ফিরে এসো চাকা" কবিতাটি কোন কাব্যগ্রন্থর অন্তর্গত। ১

------------

# ২০২০
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

নবম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-9

(কাব্যের রূপভেদ - কাব্যজিজ্ঞাসা ও কাব্যপাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘গীতিকবিতা’ নামকরণটির উৎস কি?

খ) মহাকাব্যের নায়ক কেমন হওয়া উচিত?

গ) অ্যারিস্টটল এবং বিশ্বনাথ কবিরাজ তাঁরা কোন্ দুটি গ্রন্থে মহাকাব্য নিয়ে আলোচনা করেছিলেন?

ঘ) বাংলা ভাষায় প্রথম সার্থক সনেটের রচয়িতা কে?

ঙ) আধুনিক বাংলাসাহিত্যের প্রথম রোমান্টিক কবি কে?

চ) ‘পরম অধর্ম্মাচারী রঘুকুলপতি’ — কে, কার প্রতি এই উক্তি করেছেন?

*(পরের পাতায়)*

ছ) ‘বীরাঙ্গনা’ কাব্যটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

জ) ‘বীরাঙ্গনা’ কাব্যটি কোন্ ছন্দে লেখা?

ঝ) ‘কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে’ — বক্তা কে? কার উদ্দেশে কথাটি বলা হয়েছে?

ঞ) ‘২২শে শ্রাবণ, ১৩৪৮’ কবিতায় পথিক কোন্ কোন্ পথ দিয়ে যাবে?

ট) ‘‘আয় আয় আয় রে! / বেলা ব’য়ে যায় রে!’’
— উদ্ধৃতিটি কোন্ কবিতার অন্তর্গত? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

ঠ) ‘মোর অশ্রু তোমারে কাঁদায়’ — কার অশ্রু, কাকে কাঁদায়?

ড) আধুনিক বাংলা সাহিত্যের অন্তত চারটি ক্ল্যাসিকধর্মী সাহিত্য সৃষ্টির নাম উল্লেখ করো।

ঢ) ‘ধ্বন্যালোক’ — এর রচয়িতা কে? তিনি কোন্ সময়ে আবির্ভূত হয়েছিলেন?

ণ) আচার্য ভরত মানবমনের কয়টি স্থায়ীভাবের কথা উল্লেখ করেছেন? সেগুলির নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ‘সনেট’ এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করে উপযুক্ত দৃষ্টান্ত দাও।

খ) ‘গীতিকাব্য’ সম্পর্কে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর অভিমত সংক্ষেপে লেখো।

গ) 'কচি ডাব' কবিতায় কবি বৃদ্ধ ডাবওলার মধ্যে যে শিবদর্শন করেছেন, তার স্বরূপটি সংক্ষেপে লেখো।

ঘ) 'দুঃখবাদী' কবিতায় যে নগ্ন কঠিন দুঃখের রূপটি প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে উল্লেখ করো।

ঙ) 'কাব্যের নাম' বীরাঙ্গনা হলেও একমাত্র জনার পত্রই বীরাঙ্গনাসুলভ হয়েছে।' — বিষয়টি বিশ্লেষণ করো।

চ) 'রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদরূপ একটি ব্যাপার' — উক্তিটি সহজভাবে সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'বীরাঙ্গনা' কাব্যের পৌরাণিক নায়িকারা আধুনিক জীবনবোধের রূপায়ণ' — এই মন্তব্যের আলোয় তারা চরিত্রটি বিচার করো।

খ) বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের সংযোগে কীভাবে কাব্যে রস নিষ্পত্তি হয়, সে সম্পর্কে আলোচনা করো।

গ) 'ফেমিন্-রিলিফ' কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

ঘ) মহাকাব্যের বৈশিষ্ট্য বিচার করে তার বিভিন্ন শ্রেণী সম্পর্কে বুঝিয়ে দাও।

---

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali Hons
## Paper – CC 9
## Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** **১০ x ১ = ১০**

ক) 'মধুসূদন দত্তের' বীরাঙ্গনা কাব্য'-মধ্যস্থ বীরাঙ্গনাদের মধ্যে তোমার বিচারে সর্বোৎকৃষ্ট চরিত্র কোনটি তা যুক্তি সহযোগে নিজের ভাষায় লেখো ।।

খ) 'অলংকারের জন্য কাব্য উপাদেয় হয়' - এই অভিমতের যৌক্তিকতা বিচার করো ।

**২ ) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ২ x ২ = 8

ক) 'বিদ্যাধরী-গঞ্জিনী কিঙ্করী' অংশটির আলংকারিক তাৎপর্য ব্যাখ্যা করো।

খ) 'মরু' শব্দযোগে যতীন্দ্রনাথ সেনগুপ্তের দুটি কাব্যের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

গ) 'বীরাঙ্গনাকাব্য' পরিকল্পনার সময় কতগুলি পত্রে তা রচনা করার অভিপ্রায় ছিলো ? কাব্যটির সম্পূর্ণ- হওয়া পত্রসংখ্যা কত ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ১ x ১ = ১

ক) 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থের রচয়িতার নাম লেখো।

খ) 'এস তবে প্রাণসখে; দিনু জলাঞ্জলি/কুলমানে তব জন্যে' - কে একথা বলেছে ?

গ) 'কচিডাব' কবিতায় ব্যবহৃৎ একটি গুরুত্বপূর্ণ দেবচরিত্রের উল্লেখ করো।

---------------

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

অষ্টম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-8

(বাংলা সমালোচনা সংকলন ও প্রবন্ধ সংকলন)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) "মুশকিল হচ্ছে যে এই 'স্মরণ বা চিন্তনচিহ্ন' কোন বিদেশি ভাষাতেও নেই" — 'স্মরণ বা চিন্তন চিহ্ন' বলতে কী বোঝানো হয়েছে? কার লেখা কোন্ রচনার অংশ এটি?

খ) 'আউট' বহি কী? কে, কোন্ রচনায় এই প্রসঙ্গটি এনেছেন?

গ) "সাহিত্যের ইতিহাস যে একপ্রকার পালোয়ানি ব্যাপার, তাহা পূর্বে জানিতাম না।" — 'পালোয়ানি ব্যাপার' কী? কার কাজ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

(পরের পাতায়)

ঘ) "ভাষা নিয়ে জাতি, জাতি নিয়ে দেশ।" — কার মন্তব্য? কোথায় একথা বলা হয়েছে?

ঙ) "দেশ ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়।
নিজ দেশ ত্যাগী কেন বিদেশ না যায়।।"
— কবি কে? 'দেশ ভাষা' বলতে কী বোঝানো হয়েছে?

চ) "অতএব এই নামটির জন্য বাল্মীকির নিকট কৃতজ্ঞ আছি।"
— কোন্ নামটির জন্য কে কৃতজ্ঞ এবং কেন?

ছ) 'তাহারা তো ছায়া নহে' — 'তাহারা' বলতে কাদের বোঝানো হয়েছে? কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি?

জ) "এই তিনটি মিলিয়াই একটা একীভূত 'ভদ্রলোক' সমাজ বাংলাদেশ জুড়িয়া ছিল" — 'একীভূত ভদ্রলোক' সমাজ বলতে কী বোঝানো হয়েছে? 'তিনটি' কী?

ঝ) 'ভড়ং-বিহীন সাহিত্যানুরাগী বাঙ্গালী' কারা? কে কোথায় এটি বলেছেন?

ঞ) 'নিজের সুবুদ্ধিকে কলঙ্কিত করার মধ্যে যে আত্মোবমাননা আছে, দুর্দিনে সে কথাও মানুষ যখন ভোলে তখন সাংঘাতিক দুর্গতি থেকে কে বাঁচবে?'
— কে কোথায় একথা বলেছেন? কার লেখা, কোন্ প্রবন্ধে এই উক্তিটি ব্যবহার করা হয়েছে?

ট) "খুনচড়া" শব্দটি কোথায় রয়েছে? এর অর্থ লেখো।

ঠ) 'সেই চেষ্টারই সাহিত্যগত দলকে আমি রসসাহিত্য নাম দিয়েছি।' — 'রসসাহিত্য' বলতে কী বোঝানো হয়েছে? কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি?

ড) 'তার কাজ হচ্ছে হৃদয়ের যোগ ঘটানো, যেখানে যোগটাই শেষ লক্ষ্য।' — 'তার কাজ' বলতে কী বোঝানো হয়েছে? কোন্ রচনার অংশ এটি?

ঢ) 'বিশুদ্ধ সাহিত্য অপ্রয়োজনীয়; তার যে রস সে অহৈতুক।' — কে কোথায় একথা বলেছেন? 'অহৈতুক রস' কী?

ণ) "'মার্জিতরুচি' কথাটির কোন সর্বজনীন সংজ্ঞা নেই।" — কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি? 'মার্জিত রুচি'তে কোন্ দেশের মানুষের খ্যাতি রয়েছে বলে লেখকের অভিমত?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সাহিত্যের তথ্য ও সত্য রবীন্দ্রনাথ 'তথ্য ও সত্য' প্রবন্ধে কীভাবে বিশ্লেষণ করেছেন তা আলোচনা করো।

খ) বাঙালি ভদ্রলোক বিষয়ে শ্রী নীরদচন্দ্র চৌধুরীর মতামত বুঝিয়ে দাও।

গ) 'উত্তমর্ণ-অধমর্ণ-সংবাদ' প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে সূত্রবদ্ধ করো।

ঘ) বাঙালির আত্মপরিচয় নির্মাণে মধ্যযুগের বাঙালি কবিদের ভূমিকাকে কীভাবে আনিসুজ্জামান দেখিয়েছেন তা লেখো।

ঙ) 'সাহিত্যতত্ত্ব' প্রবন্ধের মৌলিক চেতনাগুলো সূত্রাকারে নির্দেশ করো।

*(পরের পাতায়)*



চ) 'সব বই অনুবাদ করা যায় না। অবনীন্দ্রনাথের বেশিরভাগ লেখাই অনুবাদের ধকল সইতে পারবে না।' — কী প্রসঙ্গে একথা বলা হয়েছে? ধকল সইতে না পারার কারণ তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাঙালির আত্মপরিচয়ের নিশানা বলতে আনিসুজ্জামান কোন্ বিষয়গুলিকে চিহ্নিত করেছেন? কীভাবে সেই আত্মপরিচয় গড়ে উঠেছিল তা তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

খ) 'বর্তমান সমাজ ও সংস্কৃতি' প্রবন্ধে নীরদ.সি.চৌধুরী বাঙালি সংস্কৃতির অবনমনের যে ক্ষেত্রগুলোকে চিহ্নিত করেছেন তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।

গ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধটি রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচনার অসামান্য দৃষ্টান্ত হিসাবে মর্যাদা পেয়েছে — আলোচনা করো।

ঘ) বাংলাদেশের মানুষ তাদের জীবনে ও সংগ্রামে কীভাবে রবীন্দ্রনাথকে গ্রহণ করেছেন সে বিষয়ে 'রবীন্দ্রনাথ ও বাংলাদেশ' প্রবন্ধে সনজিদা খাতুন যে মূল্যায়ন করেছেন তা নিজের ভাষায় বলো।

---

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali Hons
## Paper – CC 8
## Total Marks - 15

**১) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** **১০ X ১ = ১০**

ক) বাংলা সাহিত্যের ইতিহাস রচনায় ড. অসিত কুমার বন্দ্যোপাধ্যায় কোন্ কোন্ ব্যক্তি ও ঘটনার দ্বারা অনুপ্রাণিত হয়েছেন, আলোচনা কর।

খ) রবীন্দ্রনাথ ও বাংলাদেশ প্রবন্ধে সনজীদা খাতুন কোন্ পথে বাংলা ভাষার স্বরূপ সন্ধান করেছেন, আলোচনা কর।

**২) যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :-** **২ X ২ = ৪**

ক) 'বড়র পিরীতি বালির বাঁধ' - প্রবাদটি কার লেখায় পাওয়া যায় ? পাদপূরক পঙক্তিটি যোগ কর।

খ) 'মাসে নও' পত্রিকার সম্পাদক কে ? নাম - করণটির অর্থ কী ?

গ) একলব্যের অঙ্গুলি - কর্তনের পৌরাণিক ঘটনাটি কী ?

ঘ) দোম আন্তেনিও কে ?

**৩) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** **১ X ১ = ১**

ক) Magnum Opus কাকে বলে ?

খ) 'একাত্তরের দিনগুলি এল' - একাত্তর কেন তাৎপর্যপূর্ণ ?

গ) অধ্যাপিকা ও প্রবন্ধকার ছাড়াও সনজীদা খাতুনের অন্য পরিচয় কী ?

---------------

# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGP-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতি পদ্ধতি)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) প্রতিবেদন রচনাকারীকে কী বলা হয়? প্রতিবেদন কোন্ ইংরেজি শব্দের পারিভাষিক শব্দ?

খ) ভালো প্রতিবেদনের দুটি বৈশিষ্ট্য বলো।

গ) প্রতিবেদনের প্রধান তিনটি অংশ কী কী?

ঘ) বিজ্ঞাপন কাকে বলা হয়? দুটি লাইনযুক্ত একটি বিজ্ঞাপন রচনা করো।

ঙ) বিজ্ঞাপনের ভাষার দুটি বৈশিষ্ট্য বলো।

চ) গ্রন্থপঞ্জি কী? গ্রন্থপঞ্জির প্রয়োজনীয়তা কোথায়?

*(পরের পাতায়)*

ছ) কোন্ ইংরেজি শব্দের প্রতিশব্দ হিসেবে বাংলায় 'গবেষণা' শব্দটি এসেছে? এর আক্ষরিক অর্থ কী?

জ) গবেষণার প্রধান স্তরগুলি কী কী? গবেষণার বিষয় নির্বাচন কীভাবে করা উচিত?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) করোনা পর্বে বাজি ফাটানো বিষয়ে কলকাতা হাইকোর্টের সাম্প্রতিক সময়ের রায়দান বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

খ) 'শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করবে — এমন একটি আয়ুর্বেদিক চ্যবনপ্রাশ তৈরি করেছে। তুমি এ বিষয়ে একটি আদর্শ বিজ্ঞাপন রচনা করো।

গ) গবেষণায় তথ্যসংগ্রহ কীভাবে করা হয় সে বিষয়ে একটি প্রবন্ধ রচনা করো।

ঘ) গবেষণার কয়েকটি সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'অনলাইন পঠনপাঠন ও উচ্চশিক্ষার হাল হকিকত' বিষয়ে একটি গবেষণাপত্রের সংক্ষিপ্তসার রচনা করো।

খ) গবেষণাপত্র লেখার পদ্ধতি বিষয়ে আলোকপাত করো।

গ) মুদ্রিত সংবাদপত্রের বিজ্ঞাপন এবং টেলিভিশনের বিজ্ঞাপনের পার্থক্যগুলো আলোচনা করো।

ঘ) তোমার এলাকায় আর্সেনিক দূষণ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali General
## Paper – Sec T- 2
## Total Marks - 10

১) যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ১০ x ১ = ১০

ক) সারা রাজ্যের সঙ্গে অরাঙ্গাবাদ অঞ্চলেও দিন দিন আলুর দাম বেড়ে যাওয়ায় এলাকার লোকজন আলুর আড়ৎ ভাঙচুর করে, এই বিষয়ে সংবাদ পত্রে প্রতিবেদন রচনা করো।

খ) বিজ্ঞাপন রচনা করতে হলে কোন্ কোন্ দিকে নজর দিতে হয়? কলেজে রক্ত দান উপলক্ষে একটি বিজ্ঞাপন লিপিবদ্ধ করো।

গ) গবেষণা রীতি প্রকৃতি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

------------------

# ২০২০
# বাংলা
(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGP-CC-T-4

(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'আমি মরিলেই সব ফুরাইবে' — কার মনে, কেন এইরূপ ভাবনার উদয় হয়েছিল?

খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি গ্রন্থাকারে কত সালে কতগুলি পরিচ্ছেদে প্রকাশিত হয়েছিল?

গ) 'মাধব দত্তের বড় বাড় বেড়েছে দেখছি' — মাধব দত্ত কে? তাঁর সম্পর্কে এইরূপ মন্তব্যের কারণ কী?

ঘ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধ কোন্ সালে রচিত? প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?

(পরের পাতায়)

ঙ) 'চিত্রকলা বাংলাদেশে চলিত ছিল দু-ভাবে' — এই দুই ভাবের উল্লেখ করো।

চ) 'এরূপ বিভাগ না হইলে বিপদ ঘটিত' — অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? এখানে কোন্ বিপদের কথা বলা হয়েছে?

ছ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে দ্বিতীয় পত্রটি কে, কার কাছে লিখেছিল?

জ) 'Illusion and Reality" এবং 'Short History of Culture' গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।

ঝ) 'এই শ্রেণীর লোক আজকাল অনেক দেখা যায়' — এখানে কোন্ শ্রেণীর লোকের কথা বলা হয়েছে?

ঞ) 'ডাকঘর' নাটকে যে বালিকাটির পরিচয় পাই তাঁর নাম এবং তাঁর মায়ের নাম লেখো।

ট) 'রোহিণী সে রাত্রে ঘুমাইল না' — সে রাত্রে রোহিণীর না ঘুমানোর কারণ কী?

ঠ) 'ডাকঘর' নাটকে অমলের কল্পনায় দইওয়ালার গ্রামটি কোথায় ছিল?

ড) 'দুটি মোটা পথ ছিল' — মোটা পথ দুটি কী কী?

ঢ) 'সব ছবিরই দুটো দিক থাকে' — এখানে কোন্ দুটি দিকের কথা বলা হয়েছে?

ণ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্তের কয়টি সন্তান ছিল? তাদের নাম উল্লেখ করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ‘আপনার বুদ্ধি-শুদ্ধি লোপ পাইয়াছে’ — কে, কাকে একথা বলেছিল? কেন বলেছিল?

খ) ‘বাংলার ছোটো ঐতিহ্যের ধারায় রবীন্দ্রনাথের বিরাট আবির্ভাব একটা প্রাকৃতিক ঘটনা’ — উক্তিটি কোন্ প্রবন্ধের অংশ? বক্তব্যটির অর্থ প্রবন্ধ অনুসারে বিশ্লেষণ করো।

গ) চার দেওয়ালে বন্দী অমলকে বাইরের কোন্ কোন্ ঘটনা ও দৃশ্য তাকে মুক্ত জীবনের খোঁজ দিত, ‘ডাকঘর’ নাটক অবলম্বনে বুঝিয়ে দাও।

ঘ) ‘সেই বন্যার বেগ কমিয়া আসিয়াছে।’ — এখানে কোন্ বন্যার কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো।

ঙ) যামিনী রায় অন্যান্য দেশের চিত্রকলার সঙ্গে বাংলার পটুয়া চিত্রকলার যে পার্থক্য করেছেন তা নিজের ভাষায় লেখো।

চ) ‘হে দেবতা। হে দুর্গা - হে কালী - হে জগন্নাথ - আমায় সুমতি দাও’ — উক্তিটির বক্তা কে? বক্তা কেন সুমতি চাইছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রবীন্দ্রনাথের ‘ডাকঘর’ রূপক না সাঙ্কেতিক নাটক? এ বিষয়ে তোমার অভিমত লেখো।

খ) ‘পটুয়া শিল্প’ প্রবন্ধ অনুসারে বাংলার পটুয়া শিল্পের পরিচয় দাও।

গ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাস অবলম্বনে গোবিন্দলালের চরিত্র বিশ্লেষণ করো।



ঘ) রবীন্দ্রনাথ কীভাবে ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধে ‘অবিবেচনার বেগের’ সঙ্গে ‘বিবেচনার সংযম’ দেখিয়েছেন তা বুঝিয়ে দাও।

---

**Internal Examination**
**2020**
**4th Semester**
**Sub - Bengali General**
**Paper – CC 4**
**Total Marks - 15**

**১) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** ১০ X ১ = ১০

ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাস অবলম্বনে গোবিন্দদাস চরিত্রটি আলোচনা করো।

খ) ডাকঘর নাটকের সংলাপের গুরুত্ব আলোচনা করো।

**২) যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :-** ২ X ২ = ৪

ক) কৃষ্ণকান্তের উইল উপন্যাসটি কবে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

খ) 'ডাকঘর' নাটকে ফকিরের দৃষ্টিতে ক্রৌঞ্চদ্বীপের বর্ণনা লেখ।

গ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধের লেখকের মূলভাব কি ?

**৩) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** ১ X ১ = ১

ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের কৃষ্ণকান্ত কতবার উইল পরিবর্তন করেন ?

খ) 'ডাকঘর' নাটকের অমলের পিসেমশাই-এর নাম কি ?

---------------

২০২০

# বাংলা

(প্রোগ্রাম)

ল্যাঙ্গুয়েজ কোর কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGP-LCC-T-2

(কবিতা, নাটক ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'রাম রাম! সন্ধ্যাবেলায় এ কী বিপদেই পড়িলাম' — বক্তার পুরো নাম কী? তিনি কী বিপদে পড়েছেন?

খ) 'দেখে যেন মনে হয় চিনি উহারে।।'— কাকে চেনা মনে হচ্ছে?

গ) 'সেই ধন্য নরকুলে' — নরকুলে কে ধন্য?

ঘ) 'পাণ্ডুলিপি করে আয়োজন' — পাণ্ডুলিপি কিসের আয়োজন করে?

ঙ) 'অনেক ঘুরেছি আমি' — বক্তা কোথায় কোথায় ঘুরেছেন?

(পরের পাতায়)

চ) 'আমাদের গল্পের ঘটনা যেদিন আরম্ভ হইল' — গল্পের নাম কী? ঘটনাটি দিনের কোন্ সময়ে আরম্ভ হয়েছিল?

ছ) 'মধুহীন করো না গো তব মনঃ কোকনদে' — বাক্যাংশটির তাৎপর্য লেখো।

জ) 'বনি' এবং 'ফিল' বলতে কী বোঝো?

ঝ) 'তুয়ারেগ' কাদের বলে?

ঞ) 'আহা' কিন্তু খাদ্যসামগ্রী বড়ো দুর্মূল্য —' এখানে কোন্ খাদ্যসামগ্রীর কথা বলা হয়েছে?

ট) 'ওটাকে দানবের উদ্যত মুষ্টির মতো দেখাচ্ছে।'. — কোন্টাকে?

ঠ) নলতাপুরের বাসে ভিড়ের মধ্যে হঠাৎ সামনের দিকে কে কাকে দেখতে পেয়েছিল?

ড) 'একটা হাই তুলে গাছতলায় গিয়ে বিড়ি ধরায়' — প্রসঙ্গটি কোন্ গল্পে রয়েছে?

ঢ) 'অনীশের কাকাও পয়সা জমান।' — যারা এ কাজটা করে, তাদের কী বলে?

ণ) 'চণ্ডপাল'এর পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) চন্দরা কহিল, "মরণ!" — এই উক্তির মধ্যে চন্দরার যে মনোভাব প্রকাশ পেয়েছে, তা সংক্ষেপে লেখো।

খ) 'খগেনবাবু' গল্পে দিগম্বরের পরিচয় দাও।

গ) 'বঙ্গভূমির প্রতি কবির যে করুণ আর্তি ফুটে উঠেছে, তা নিজের ভাষায় প্রকাশ করো।

ঘ) পুলিন রায়ের জীবনকাহিনীটি সংক্ষেপে লেখো।

ঙ) 'মুক্তধারা' নাটকে সঞ্জয়ের সঙ্গে ফুলওয়ালীর যে কথাবার্তা হয়েছিল, তা সংক্ষেপে লেখো।

চ) 'বনলতা সেন' কবিতাটির ভাববস্তু অতি সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'মুক্তধারা' নাটকের নামকরণ প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

খ) 'অতিথি' গল্পে শহুরে মধ্যবিত্ত মানসিকতার যে সংকট প্রকাশ পেয়েছে, তা পর্যালোচনা করো।

গ) 'শাস্তি' গল্পের নামকরণ প্রসঙ্গে আলোচনা ক'রে বুঝিয়ে দাও — প্রকৃতপক্ষে শাস্তি কার হয়েছে।

ঘ) 'সোনার তরী' কবিতার রূপকার্থটি বিশ্লেষণ করো।

---

# Internal Examination
## 2020
## 4th Semester
## Sub - Bengali General
## Paper – LCC T - 2
## Total Marks - 15

**১) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** ১০ X ১ = ১০

ক) 'মুক্তধারা' নাটকের সংগীতের ভূমিকা পর্যালোচনা করো।

খ) সত্যজিৎ রায়ের 'অতিথি' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

গ) 'খগেনবাবু' গল্পে জুঁই চরিত্রের সার্থকতা আলোচনা করো।

**২) যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :-** ২ X ২ = ৪

ক) 'অমৃত হ্রদ' কথার অর্থ বুঝিয়ে দাও।

খ) সোনার তরীর নাবিকের কাছে কে কি প্রার্থনা জানিয়ে ছিলেন ?

গ) জীবনানন্দ দাশের কয়েকটি বিখ্যাত কাব্যগ্রন্থের নাম লেখো।

ঘ) 'অতিথি' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে ?

**৩) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :-** ১ X ১ = ১

ক) দিগম্বরের জুঁইয়ের চটির ডগা ধরার দৃশ্য কে দেখেছিল ?

খ) রামলোচন চক্রবর্তী কে ছিলেন ?

গ) 'মুক্তধারা' নাটকটি কখন প্রকাশিত হয় ?

---------------